



## বাংলাদেশ অ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস অ্যাসোসিয়েশন

প্রধান বার্ষিকল: ৬৩ নিউ ইস্টার্ন, ঢাকা-১০০০, ফোন ও ফ্যাক্স: ৮৮০১৮২৯, [www.basa.gov.bd](http://www.basa.gov.bd)



### প্রশাসন সার্ভিসের কর্মকর্তাদের উত্তম চর্চা সংক্রান্ত লেখা আহ্বান

বাংলাদেশ অ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস অ্যাসোসিয়েশনের গবেষণা উপ-কমিটি জনপ্রশাসনের বিভিন্ন পর্যায়ে কর্মরত কর্মকর্তাদের উত্তম চর্চা সংক্রান্ত কর্মকাণ্ডের একটি সংকলন প্রকাশের উদ্যোগ গ্রহণ করেছে। দেশ সেবায় প্রশাসন সার্ভিসের কর্মকর্তাদের গুরুত্বপূর্ণ অবদান এবং উল্লেখযোগ্য অর্জনসমূহ এ সংকলনে স্থান পাবে।

জনপ্রশাসনের কর্মকর্তাদের উভাবনী ও সংক্ষারমূলক কর্মকাণ্ড, নাগরিক সেবায় উৎকর্ষ সাধন, উন্নয়ন, সমন্বয়, জরুরি পরিস্থিতি মোকাবেলা প্রতৃতি ক্ষেত্রে দৃষ্টান্তমূলক নজির স্থাপন, সুশাসন, ইতিহাস-ঐতিহ্য সংরক্ষণ কিংবা অন্যান্য যে কোন ক্ষেত্রে নাগরিকসেবার উল্লেখযোগ্য অবদান সংক্রান্ত লেখা নিম্নবর্ণিত ই-মেইলে অথবা বাংলাদেশ অ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস অ্যাসোসিয়েশনের প্রধান কার্যালয়, বিয়াম ফাউন্ডেশন, ৬৩ নিউ ইস্টার্ন, ঢাকায় সরাসরি বা ডাকযোগে প্রেরণের জন্য অনুরোধ করা হল। লেখা প্রেরণের শেষ তারিখ ৩০ ডিসেম্বর ২০২১। লেখা প্রেরণের ই-মেইল ঠিকানা: [asad6531@gmail.com](mailto:asad6531@gmail.com) অথবা [sagoricanasrin@yahoo.com](mailto:sagoricanasrin@yahoo.com))। লেখা প্রেরণের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়সমূহ অনুসরণ করতে হবে:

- কর্মকর্তার নাম, পদবি, কর্মস্থল, ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা উল্লেখ করতে হবে;
- উত্তম চর্চাটি একক বা দলীয় উদ্যোগে বাস্তবায়িত হতে পারে। তবে, প্রস্তাবিত উত্তম চর্চার উদ্যোগটির ধারণা প্রণয়ন, পরিকল্পনা কিংবা বাস্তবায়ন পর্যায়ে প্রশাসন সার্ভিসের সদস্যদের প্রত্যক্ষ অংশগ্রহণ ও অবদান থাকতে হবে।
- উত্তম চর্চা বাস্তবায়নের অধিক্ষেত্র এবং উত্তম চর্চা বাস্তবায়নের মাধ্যমে প্রাপ্ত সুফল উল্লেখ করতে হবে;
- উত্তম চর্চাটি ইতোমধ্যে কোন কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত হয়ে থাকলে তা উল্লেখ করতে হবে;
- লেখা বাংলা অথবা ইংরেজি ভাষায় লিখিত এবং সর্বোচ্চ ১০০০ শব্দের মধ্যে হতে হবে।
- লেখার সমর্থনে ছবি, প্রতিবেদন, সংবাদ কিংবা অন্য কোন দলিল (যদি থাকে) সংযুক্ত করতে হবে।

১৩১২১২০২১  
(সুরাইয়া পারভীন শেলী)  
আহ্বায়ক, গবেষণা উপ-কমিটি  
ও  
যুগ্মসচিব  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ